

## প্রেস বিজ্ঞপ্তি

ইরাকের বাগদাদে জাতীয় প্রবাসী দিবস ২০২৩ পালিত

৩০ ডিসেম্বর ২০২৩

যথাযোগ্য মর্যাদা ও গুরুত্বের সাথে জাতীয় প্রবাসী দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে বাংলাদেশ দূতাবাস, ইরাক কর্তৃক বিস্তারিত কর্মসূচি গ্রহণ করা হয়।


দূতাবাস প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানমালায় দূতাবাসের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং বাংলাদেশ কমিউনিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের মাধ্যমে দিবসের অনুষ্ঠানমালার শুভ সূচনা হয়। মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের প্রদত্ত বাণীসহ অন্যান্য বাণীসমূহ পাঠ করা হয়। পরবর্তীতে মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়। প্রত্যেক প্রবাসী কর্মী তাদের অর্জন ও নিজ নিজ সুবিধা অসুবিধা তুলে ধরেন। ইরাকের অর্থনৈতিক পুনর্গঠনে প্রবাসী বাংলাদেশী কর্মীদের ভূমিকা ও অবদানের কথা উল্লেখ করে বক্তারা বিদ্যমান সমস্যাসমূহ সমাধান করার প্রয়োজনীয়তার বিষয়ে গুরুত্বারোপ করেন।

মান্যবর রাষ্ট্রদূত জনাব মোঃ ফজলুল বারী, বিপিএএ অনুষ্ঠানে তাঁর বক্তৃতায় মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে অভিবাসীদের কল্যাণে সরকারের গৃহীত নানামুখী কার্যক্রম নিয়ে আলোকপাত ও মানব পাচারের বিরুদ্ধে সরকারের জিরো টলারেপ নীতির উল্লেখ করেন। তিনি ইরাকের শ্রমবাজারে এবং বাংলাদেশের অর্থ-সামাজিক উন্নয়নে বাংলাদেশী কর্মীদের ত্যাগ ও অবদানের কথা গুরুত্বের সাথে উল্লেখ করেন। এছাড়া, বাংলাদেশী কর্মীদের দক্ষতা ও কারিগরি জ্ঞান বৃদ্ধি এবং প্রশিক্ষণ গ্রহণের উপর জোর দেন। ভবিষ্যতের কথা চিন্তা করে সরকার কর্তৃক গৃহীত সর্বজনীন পেনশন স্কিম প্রত্যেক কর্মীকে তাদের সঞ্চয় বিনিয়োগ করার জন্যও তিনি আহ্বান জানান।

দালালের খপ্পরে না পড়ে, নিয়ম-কানুন জেনে বৈধ পথে বাংলাদেশ হতে বিদেশে আসার বিষয়ে বক্তারা উপস্থিত প্রবাসী বাংলাদেশীদের পরামর্শ দেন। ইরাক সরকারের আইন কানুন মেনে কাজ করার জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানানো হয়। দিবসটির তাৎপর্য তুলে ধরে বক্তারা ইরাক প্রবাসী বাংলাদেশীদের সুনাম, সততা, কর্মদক্ষতা ও নিবেদিতপ্রান মানসিকতা ধরে রেখে দেশের সুনাম অক্ষুণ্ন রাখার আহ্বান জানান।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রমাণ্যচিত্র প্রদর্শন করা হয়। অতঃপর, চিত্তবিনোদনের লক্ষ্যে খেলাধুলার আয়োজন করা হয় এবং বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। মধ্যাহ্নভোজের মাধ্যমে উপস্থিত সকলকে আপ্যায়ন করা হয়। অতঃপর, বিভিন্ন প্রতিকূলতার মধ্যেও প্রবাসী বাংলাদেশী কর্মীগণ অনুষ্ঠানে অংশগ্রহণ করায় তাদের প্রতি কৃতজ্ঞতা এবং অনুষ্ঠানে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে মান্যবর রাষ্ট্রদূত অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

  
(হারিদ্দুল হক খন্দকার)  
দূতালয় প্রধান